

💵 আল্লাহ তা'আলার নান্দনিক নাম ও গুণসমগ্র: কিছু আদর্শিক নীতিমালা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়: আল্লাহর নাম বিষয়ক নীতিমালা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পঞ্চম নীতিমালা: আল্লাহর নামসমূহ কুরআন-সুন্নাহ নির্ভর, এ ক্ষেত্রে মানুষের বুদ্ধিবিবেচনার কোনো দখল নেই।

অতএব কুরআন ও সুন্নায় আল্লাহর নামসমূহের ব্যাপারে যতটুকু পাওয়া যায় ততটুকুই আমাদের গ্রহণ করতে হবে, এর ওপর কোনো কিছু বাড়ানোও যাবে না, কমানও যাবে না; কেননা আল্লাহ তা'আলা যা কিছুর উপযোগী মানুষের আকল-বুদ্ধি দ্বারা তা আয়ত্ব করা সম্ভব নয়। অতএব কুরআন-সুন্নাহর টেক্সট তথা ভাষ্যের সীমানায় আমাদের সীমিত হয়ে যেতে হবে। কারণ আল্লাহ তা'আলা বলেছেন:

﴿ وَلَا تَقَافُ مَا لَياسَ لَكَ بِهِ عِلاَمُ ۚ إِنَّ ٱلسَّماعَ وَٱلاَبَصِرَ وَٱلاَفُوَّادَ كُلُّ أُوْلَٰ ثِكَ كَانَ عَنالَهُ مَساأُولًا ٣٦ ﴾ [الاسراء: ٣٦]

যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই সেই বিষয়ে অনুমান দ্বারা পরিচালিত হয়ো না; নিশ্চিত কর্ন, চক্ষু, হৃদয় ওদের প্রত্যেকের নিকট কৈফিয়ত তলব করা হবে। [আল ইসরা: ১৭: ৩৬]

অন্যত্র ইরশাদ হয়েছে:

﴿ قُلِ اِنَّمَا حَرَّمَ رَبِّيَ ٱلثَّفَوٰحِشَ مَا ظَهَرَ مِناهَا وَمَا بَطَنَ وَٱلنَّإِثَامَ وَٱلنَّبَعْنَيَ بِغَيارِ ٱلنَّحَقِّ وَأَن تُشارِكُواْ بِاللَّهِ مَا لَم تَعْالَمُونَ ٣٣ ﴾ [الاعراف: ٣٣]

বল, 'আমার রব তো হারাম করেছেন অশ্লীল কাজ- যা প্রকাশ পায় এবং যা গোপন থাকে, আর পাপ ও অন্যায়ভাবে সীমালজ্যন এবং আল্লাহর সাথে তোমাদের শরীক করা, যে ব্যাপারে আল্লাহ কোন প্রমাণ অবতীর্ণ করেননি এবং আল্লাহর উপরে এমন কিছু বলা যা তোমরা জান না'। (আল আরাফ: ৭: ৩৩)

উপরম্ভ আল্লাহ তা'আলার ওপর এমন নাম আরোপ করা যা তিনি নিজেকে দেননি, অথবা তিনি নিজেকে যে নাম দিয়েছেন তা অস্বীকার করা আল্লাহর বিরুদ্ধে স্পর্ধা প্রদর্শন বই অন্যকিছু নয়। অতএব এ ব্যাপারে আদব রক্ষা করতে হবে এবং কুরআন-সুন্নাহর পাঠে যা কিছু আছে সেখানেই সীমিত হয়ে যেতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10362

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন